

স্মারক নং- ৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৪৭.১৭ - ৩৭৭

তারিখ : ১৩/১২/২০২২ খ্রিঃ


## ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর কর্ম প্রত্যাশী যুব ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্ষী সৃষ্ণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর কম্পিউটার বেসিক ও আইসিটি এপ্লিকেশন কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুব ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	আবেদন পত্র জমাদানের শেষ তারিখ	কোর্স ফি	লিখিত/সাক্ষাৎকারের তারিখ	প্রশিক্ষণ শুরু তারিখ
কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন কোর্স	৬ (ছয়) মাস	এইচ. এস. সি (মূনতম)	২৬/১২/২০২২ খ্রিঃ	১০০০/=	২৭/১২/২০২২ খ্রিঃ	০১/০১/২০২৩ খ্রিঃ

## ভর্তি সংক্রান্ত তথ্যাবলি:

- ১। যুব উন্নয়ন অধিদপ্তরের ভর্তির আবেদন ফর্মে স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম পূরণপূর্বক উপপরিচালকের কার্যালয়ে দাখিল করতে হবে। প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ নম্বর : ০১৭১৮২১৩৯৮৬/০১৭১৮৬৭৭৬৬৭
- ২। নির্ধারিত আবেদন ফর্ম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ৩। আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) জাতীয়তা পরিচয়পত্র(NID) নম্বর(যদি থাকে অথবা জন্ম সনদপত্র (ঙ) বর্তমান ঠিকানা (চ) স্থায়ী ঠিকানা (ছ)শিক্ষাগত যোগ্যতা, (জ) ধর্ম (ঝ) জন্ম তারিখ (ঞ) বয়স (দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখে) (ট) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারন উল্লেখপূর্বক আবেদন পত্র পূরণ করতে হবে।
- ৪। আবেদন পত্রের সাথে ক) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমাণের সনদ পত্রের সত্যায়িত কপি (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার কমিশনার জাতীয়তা পরিচয়পত্র(NID) নম্বর(যদি থাকে) অথবা জন্ম সনদপত্র পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ৫। ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।
- ৬। নির্বাচনী পরীক্ষার সময় সকল মূল সনদপত্রসমূহ সঙ্গে আনতে হবে এবং নির্বাচনী বোর্ডে প্রদর্শন করতে হবে।
- ৭। যুব সংগঠন কর্তৃক মনোনীত প্রার্থী, মুক্তিযোদ্ধা পোষ্য(স্বপক্ষে প্রমাণপত্র), দলিত, প্রতিবন্ধি, অটিস্টিক ও হিজড়া এবং যুব মহিলা প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ৮। ভর্তির জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ৯.৩০ ঘটিকায় উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, মশরপুর, নওগাঁয় হাজির হতে হবে। এ ব্যাপারে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।।
- ৯। প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিক ভাবে পরিচালিত হবে বিধায় কেন্দ্রের নিয়ম অনুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।
- ১০। প্রশিক্ষার্থীগণকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম শৃংখলা মেনে চলতে হবে।
- ১১। প্রশিক্ষণকালীন সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে এবং প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।


  
 মুঃ জাবেদ ইকবাল  
 উপ-পরিচালক  
 যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।

স্মারক নং- ৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৪৭.১৭ - ৩৭৭

তারিখ : ১৩/১২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

- ১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপজেলা চেয়ারম্যান/উপজেলা নিবাহী অফিসার, ..... , নওগাঁ।(নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,.....নওগাঁ।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৫। অফিস কপি/ নোটিশবোর্ড।

  
 মোঃ ফজলুল হক  
 সহকারী পরিচালক  
 যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।